



মোদির বিজয় দিবসের বার্তায় নেই বাংলাদেশ, বললেন ‘ভারতের বিজয় দিবস’



সংগৃহীত ছবি

পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে নয় মাসের সশস্ত্র সংগ্রামের পর ১৯৭১ সালে স্বাধীনতা অর্জন করে বাংলাদেশ। যুদ্ধের শেষ পর্যায়ে ভারতীয় সেনাবাহিনী এই সংগ্রামে অংশ নিলেও মূল বিজয় বাংলাদেশেরই। সেই কারণেই ১৬ ডিসেম্বর বাংলাদেশে ‘বিজয় দিবস’ হিসেবে পালিত হয়, আর ভারত এটিকে নিজেদের ‘বিজয় দিবস’ হিসেবে উদযাপন করে।

মঙ্গলবার (১৬ ডিসেম্বর) বিজয় দিবস উপলক্ষে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফেসবুকে একটি পোস্ট দেন। পোস্টে তিনি ১৯৭১ সালের ১৬ ডিসেম্বরকে ভারতের বিজয় হিসেবে উল্লেখ করেছেন, তবে বাংলাদেশকে একবারও উল্লেখ করেননি।

মোদির পোস্টে বলা হয়েছে, “বিজয় দিবসে আমরা আমাদের সাহসী সেনাদের স্মরণ করছি, যাদের আত্মত্যাগ ১৯৭১ সালে ভারতের ঐতিহাসিক বিজয় নিশ্চিত করেছিল। তাদের সাহস ও নিঃস্বার্থ সেবা আমাদের ইতিহাসে গৌরবময় মুহূর্ত সৃষ্টি করেছে। এই বীরত্ব ভারতের প্রজন্মগুলিকে অনুপ্রাণিত করে চলেছে।”

এর আগে ভারতের সেনাবাহিনীও বিজয় দিবস উপলক্ষে একটি পোস্ট দেয়। সেখানে তারা মুক্তিযোদ্ধাদের সঙ্গে যৌথ লড়াইয়ের কথা উল্লেখ করে বলেন, “বিজয় দিবস শুধু একটি তারিখ নয়, এটি ১৯৭১ সালের যুদ্ধের চূড়ান্ত বিজয়ের প্রতীক। মুক্তিবাহিনী ও ভারতীয় সেনারা একসঙ্গে লড়াই করে বাংলাদেশের স্বাধীনতার পথে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। এই বিজয় দক্ষিণ এশিয়ার মানচিত্র পুনর্নির্ধারণ করেছে এবং নতুন রাষ্ট্র বাংলাদেশের জন্ম দিয়েছে।”

পোস্টে আরও উল্লেখ করা হয়েছে, “পাকিস্তানি সেনাবাহিনী যে নৃশংসতা ও নির্যাতন চালিয়েছিল, এই যুদ্ধ তা থামিয়েছে।”